

শিক্ষামন্ত্রীর নির্দেশ শিক্ষাক্রম প্রণয়নে চলতি মাসেই কমিটি গঠন করতে হবে

■ সমকাল প্রতিবেদক

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আনিসুল হক মিলন বলেছেন, চলতি মাসের মধ্যেই শিক্ষাক্রম প্রণয়নে কমিটি গঠন ও সদস্য নির্বাচন সম্পন্ন করতে হবে। আগামী সপ্তাহের মধ্যে এ প্রক্রিয়া শুরু করার ওপর



এহছানুল হক মিলন

গুরুত্ব আরোপ করেছেন তিনি। গতকাল রাজধানীতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ নির্দেশ দেন।

তিনি বলেন, শিক্ষাব্যবস্থায় অপ্রয়োজনীয় জটিলতা বা ‘রেড টেপ’ দূর করতে হবে। কোর্স ও কারিকুলামকে সহজ, সময়োপযোগী ও উৎপাদনশীল করতে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিজ নিজ কাজ পর্যালোচনা করে উন্নয়নমূলক প্রস্তাব দিতে হবে।

মাদ্রাসা ও সাধারণ শিক্ষার সঙ্গে সংশ্লিষ্টদের উদ্দেশে তিনি বলেন, অন্যান্য দেশের উন্নত শিক্ষা মডেল, গবেষণা প্রবন্ধ এবং পিএইচডি গবেষকদের কাজ পর্যালোচনা করে কার্যকর ধারণা নিতে হবে।